

গ্রাম পর্যায়ে শিক্ষার মানোন্নয়নে আড়াইহাজারে স্কুল পরিদর্শনে জাইকা

প্রতিনিধি, আড়াইহাজার (নারায়ণগঞ্জ)

গ্রাম পর্যায়ে প্রাথমিক শিক্ষার মান ও অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে সরকারের সঙ্গে একযোগে কাজ করে যাচ্ছে বিশ্বব্যাংক, অস্ট্রেলিয়ান এইড ও জাইকা। ষাট পর্যায়ে কাজের অংশ হিসেবে গত রোববার (১৫ সেপ্টেম্বর) এসব দাতা-সংস্থার একটি প্রতিনিধি দল নারায়ণগঞ্জ জেলা গুরে গেলেন।

আড়াইহাজার উপজেলা এলজিইডি অফিস সূত্রে জানা গেছে, বার্ষিক ষাট পরিদর্শন কর্মসূচির অংশ হিসেবে রোববার বিদেশি প্রতিনিধি দলটি নারায়ণগঞ্জ জেলার নারায়ণগঞ্জ সদর, মোনারগাঁও এবং আড়াইহাজার উপজেলা পরিদর্শন করেন। ওই দিন সকাল ৭টায় প্রতিনিধি দলটি ঢাকা থেকে নারায়ণগঞ্জের উদ্দেশে রওয়ানা দেন। সকাল ১০টায় নারায়ণগঞ্জে এসে নারায়ণগঞ্জ সদর উপজেলায় শেরে-ই-বাংলা সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন। সকাল ১১টায় আড়াইহাজারের উদ্দেশে

রওয়ানা দেন।

আড়াইহাজার উপজেলা এলজিইডি প্রধান প্রকৌশলী মো. এহসানুল হক ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার শাহানা আফরোজ প্রতিনিধি দলটিকে আড়াইহাজার পৌরসভার ৮নং ওয়ার্ডে অবস্থিত জৈটানী মাগড়া পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়ে যায়।

এখানে প্রতিনিধি দলটি নির্মাণ কাজ ঘুরে ঘুরে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেন। এ সময় উপজেলা শিক্ষক সমিতির স্মারক সম্পাদক মো. মোকাম্মল হোসেন, স্থলের প্রধান শিক্ষক ওবায়দুল হক ও গণ্যমান্য ব্যক্তির উপস্থিতি ছিলেন। এরপর বিদেশি প্রতিনিধি দল উপজেলার বিশালদি ইউনিয়নের কড়ইতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণ কাজ পরিদর্শন করেন।

অস্ট্রেলিয়ান এইডের মি. লরা শেভেজের নেতৃত্বে প্রতিনিধি দলে আরও উপস্থিত ছিলেন অস্ট্রেলিয়ান এইডের মি. জেমস জেনিংস, ওয়ার্ড ব্যাংকের মি. নাদুদ নাজ্জাম, মিসেস নাদিয়া শারমিন ও মি.

জুলকারনাইন। বিদেশি প্রতিনিধি দলের সঙ্গে আরও উপস্থিত ছিলেন নারায়ণগঞ্জ এলজিইডি নির্বাহী প্রকৌশলী আলী হোসেন চৌধুরী, আড়াইহাজার উপজেলা এলজিইডি উপজেলা প্রকৌশলী মো. এহসানুল হক ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার শাহানা আফরোজ প্রবু।